পরিশিষ্ট ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাণিসম্পদ দপ্তর
পিরোজপুর।

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
জেলা প্রাণিসম্পদ দপ্তর
পিরোজপুর

এবং

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর
পিরোজপুর সদর, পিরোজপুর
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৯ - ৩০ জুন ২০২০

# সূচিপত্র


| ক্র. নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১ | পরিশিষ্ট ক | ০১ |
| ০২ | সূচীপত্র | ০২ |
| ০৩ | উপক্রমণিকা (Preamble) | ০৩ |
| ০৪ | কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৪-০৫ |
| ০৫ | সেকশন-১ রূপকল্প (Vision) অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions) | ০৬ |
| ০৬ | সেকশন-২ কৌশলগত উদ্দেশ্য | ০৭-০৮ |
| ০৭ | চুক্তি স্বাক্ষর | ০৯ |
| ০৮ | কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি | ১০-১১ |
| ০৯ | শব্দসংক্ষেপ | ১২ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে 'রূপকল্প ২০২১' এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
জেলা প্রাণিসম্পদ দপ্তর
পিরোজপুর

এবং

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর
পিরোজপুর সদর, পিরোজপুর
এর মধ্যে

২০১৯ সালের জুন মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সন্মত হলেনঃ

# উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, পিরোজপুর সদর, পিরোজপুর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### ক. সাম্প্রতিক বছরসমুহের প্রধান অর্জনসমূহ

(২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছর)

| ক্র. নং | গুরুত্বপূর্ণ কার্যক্রমের বিবরণ | সাম্প্রতিক বছর সমূহের অর্জন | | |
|---|---|---|---|---|
| | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ |
| ০১ | গবাদিপশুর উৎপাদনশীলতা বৃদ্ধি কার্যক্রম | | | |
| | (ক) কৃত্রিম প্রজনন (সংখ্যা) | ৩২২৩ | ৩৭৬২ | ৩৫৮৫ |
| | (খ) সংকর জাতের বাছুর উৎপাদন (সংখ্যা) | ১২৫৩ | ১২৩০ | ১৬৪৩ |
| ০২ | প্রাণিজ আমিষের উৎপাদন | | | |
| | (ক) ডিম (কোটি) | ২.১৪০০ | ২.২৮৫ | ৩.০২৩০০ |
| | (খ) দুধ (ল.মে.ট.) | ০.১৫০০ | ০.১৬৬৯৭ | ০.১৫৭৭৩ |
| | (গ) মাংস (ল.মে.ট.) | ০.১৪০০ | ০.১৩২২৫ | ০.১৭১৫০ |
| ০৩ | রোগ প্রতিরোধ কার্যক্রম | | | |
| | (ক) গবাদিপশুর টিকা প্রদান (সংখ্যা) | ২৬৯০০ | ২২৫৬৫ | ২৩১৫৯ |
| | (খ) হাঁস-মুরগি টিকা প্রদান (সংখ্যা) | ৬৩৫০০০ | ৬৬৮৬০০ | ৪৫৯২০০ |
| | (গ) রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা) | ২৬ | ৬৮ | ৬০ |
| | (ঘ) ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) | ১১ | ০৯ | ১২ |
| ০৪ | বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ | | | |
| | (ক) গবাদিপশুর চিকিৎসা কার্যক্রম (সংখ্যা) | ৪১০০০ | ১৭৬৪৩ | ২৫৪৬১ |
| | (খ) হাঁস-মুরগির চিকিৎসা কার্যক্রম (সংখ্যা) | ১৫১০০০ | ১২২৬০৫ | ১৯৪৯০২ |
| | (গ) খামার রেজিস্ট্রেশন | | | |
| | (১) গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন (সংখ্যা) | ২৮ | ০১ | - |
| | (২) হাঁস-মুরগির খামার রেজিস্ট্রেশন (সংখ্যা) | ৩৯ | ০১ | ০১ |
| | (ঘ) ফিড মিল/ হ্যাচারী/ খামার পরিদর্শন (সংখ্যা) | ১৪৩ | ৮৫ | ৭০ |
| ০৫ | খামারি সচেতনতা বৃদ্ধি ও সম্প্রসারণ কার্যক্রম | | | |
| | (ক) উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা) | ৩৮ | ৩৯ | ৪০ |
| | (খ) উঠান বৈঠক আয়োজনে অংশগ্রহনকারী (সংখ্যা) | ৩৮২ | ৩৬৯ | ৪০০ |
| | (গ) প্রশিক্ষণের মাধ্যমে খামারিদের দক্ষতা বৃদ্ধিকরণ (সংখ্যা) | - | ৮১ | ৬০ |
| | (ঘ) ঘাস চাষ বৃদ্ধির জন্য নার্সারী স্থাপন (একর) | ০.২০ | ০.৮৭ | ০.৭০ |

### খ. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

গবাদিপশুর সনাতন পালন ব্যবস্থাপনা, কম উৎপাদনশীলতা, সচেতনতার অভাবে কৃত্রিম প্রজনন প্রযুক্তি গ্রহনে অনীহা, গুণগতমানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, প্রাণীজাত উৎপাদসমূহের সংরক্ষণ ও বিপনন ব্যবস্থার ঘাটতি, উৎপাদন সামগ্রীর উচ্চমূল্য, রোগের প্রাদুর্ভাব, প্রযুক্তিগত জ্ঞানের ঘাটতি, প্রণোদনামূলক উদ্যোগের অভাব, জলবায়ূ পরিবর্তনের প্রভাব ইত্যাদি জেলায় প্রাণিসম্পদের সম্প্রসারণ ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে অন্যতম চ্যালেঞ্জ হিসেবে পরিগণিত হচ্ছে। এছাড়াও প্রশিক্ষিত জনবল ও লজিস্টিকসের অভাব এবং নির্ভরযোগ্য ডাটাবেইজের ঘাটতি বিভিন্ন উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সক্ষমতাকে সীমিত করেছে।

## গ. ভবিষ্যৎ পরিকল্পনা

গবাদিপশুর আধুনিক খামার ব্যবস্থাপনায় কৃষকদের উদ্বুদ্ধকরনের জন্য উঠান বৈঠক আয়োজন, প্রতিটি ইউনিয়নে মডেল খামার স্থাপন এবং মডেল খামারসমূহে পরিদর্শনের ব্যবস্থা করা হবে। কৃষক প্রশিক্ষণ, প্রজেনী শো এবং মাঠকর্মী ও স্বেচ্ছসেবীদের সহযোগীতায় কৃষকদের কৃত্রিম প্রজনন প্রযুক্তি গ্রহনে সচেতন করে তোলা হবে। উন্নত জাতের ঘাস চাষের সুবিধা সৃষ্টির লক্ষ্যে ক্যাম্পাস নার্সারি ও কৃষক পর্যায়ে প্রদর্শনী নার্সারি স্থাপন করা হবে। সারাবছর গুণগতমানসম্পন্ন গোখাদ্যের সরবরাহ নিশ্চিতকরণের জন্য "প্রাণিপুষ্টি উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প" এর সহযোগীতায় কৃষকদের মাঝে খড় প্রক্রিয়াজাতকরণ ও কাঁচা ঘাস সংরক্ষণ প্রযুক্তির বিস্তার ঘটানোসহ ঘাসের বাজার সৃষ্টির পদক্ষেপ নেয়া হবে। বাজার ব্যবস্থাপনায় প্রাণীজাত দ্রব্যাদির মূল্য সংযোজনের উদ্ভাবনী পদক্ষেপ প্রচলনের মাধ্যমে কৃষকদের সহায়তা করা হবে।

প্রতিটি ইউনিয়নে ভ্যাকসিনেসন ও ডিওয়ার্মিং ক্যাম্প আয়োজনের মাধ্যমে কৃষকদের রোগ প্রতিরোধ কার্যক্রমে উদ্বুদ্ধ ও সচেতন করা হবে। কৃষকদের প্রশিক্ষণের মাধ্যমে আধুনিক খামার ব্যবস্থাপনার সাথে পরিচিত করা, জলবায়ু পরিবর্তনজনিত পরিবর্তিত অবস্থার সাথে অভিযোজিত করা এবং প্রযুক্তিগত জ্ঞানের ঘাটতি মেটানো হবে। সফল খামারীদের পুরস্কৃত করা, ইনসেন্টিভ প্রদান, সার্টিফিকেট প্রদান ইত্যাদির মাধ্যমে প্রণোদনা প্রদান করা হবে। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির জন্য ডাটাবেইজ হালনাগাদের পদক্ষেপ নেয়া হবে।

# সেকশন - ১

**রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)**

### ১.১ রুপকল্প (Vision) ঃ

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসন্মত প্রাণীজ আমিষ সরবরাহকরণ

### ১.২ অভিলক্ষ্য (Mission) ঃ

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের মাধ্যমে প্রাণীজ আমিষের চাহিদাপূরণ

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ঃ

ক. গবাদিপশুর উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
খ. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি
গ. গবাদিপশু-পাখীর রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ
ঘ. নিরাপদ প্রাণিজাত পণ্য রপ্তানি বৃদ্ধিতে সহায়তা

### ১.৪ কার্যাবলি (Functions) ঃ

ক. কৃত্রিম প্রজনন সম্প্রসারণ
খ. সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন
গ. খামারী সচেতনতা বৃদ্ধিকরণ
ঘ. খামার স্থাপনে উঠান বৈঠক (গবাদিপশু)
ঙ. খামার স্থাপনে উঠান বৈঠক (পোল্ট্রি)
চ. ঘাস চাষ বৃদ্ধির জন্য নার্সারী স্থাপন
ছ. বায়োগ্যাস প্লান্ট স্থাপন
জ. টিকা প্রদান সম্প্রসারণ
ঝ. গবাদিপশু-পাখীর চিকিৎসা প্রদান
ঞ. গবাদিপশু-পাখীর রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ
ট. গবাদিপশু-পাখীর ডিজিজ সার্ভিলেন্স
ঠ. পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন
ড. নতুন খামার রেজিষ্ট্রেশন (গবাদিপশু ও পোল্ট্রি)
ঢ. পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিপননের লাইসেন্স প্রদান ও নবায়ন
ণ. পশুখাদ্য ও মাংসের মান নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা

## সেকশন-২

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, সম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight Of PI) | প্রকৃত অর্জন ২০১৭-২০১৮ | প্রকৃত অর্জন ২০১৮-২০১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক (২০১৯-২০২০) (Target/Criteria/Value) (FY: 2019-2020) অসাধারণ (১০০%) (Excellent) | অতি উত্তম (৯০%) (Very Good) | উত্তম (৮০%) (Good) | চলতি মান (৭০%) (Fair) | চলতি মানের নিম্নে (৬০%) (Poor) | প্রক্ষেপন (Projection) ২০২০-২০২১ | প্রক্ষেপন (Projection) ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জেলা প্রাণিসম্পদ দপ্তর, পিরোজপুর এর কৌশলগত উদ্দেশ্যসমূহ (নির্ধারিত মোট মান: ৮০) | | | | | | | | | | | | | | |
| ১.গবাদিপশু-পাখীর উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৫.০০ | ১.১ কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | সংখ্যা | ১৫.০০ | ৩৭৬২ | ৩৫৮৫ | ২৫০০ | ২২৫০ | ২০০০ | ১৭৫০ | ১৫০০ | ২৬২৫ | ২৭৫৬ |
| | | ১.২ সংকর জাতের গবাদিপশুর বাছুরের তথ্য সংগ্রহ | উৎপাদিত বাছুরের তথ্য সংগ্রহ | সংখ্যা | ১০.০০ | ১২৩০ | ১৬৪৩ | ১১৯০ | ১০৭১ | ৯৫২ | ৮৩৩ | ৭১৪ | ১২৪০ | ১২৯১ |
| ২. গবাদিপশু-পাখীর রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ২৮.০০ | ২.১ টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশুর সংখ্যা | সংখ্যা | ৫.০০ | ২২৫৬৫ | ২৩১৫৯ | ২৫০০০ | ২২৫০০ | ২০০০০ | ১৭৫০০ | ১৫০০০ | ২৬২৫০ | ২৬৭৫০ |
| | | | টিকা প্রয়োগকৃত পাখীর সংখ্যা | সংখ্যা | ৫.০০ | ৬৬৮৬০০ | ৪৫৯২০০ | ৭০০০০০ | ৬৩০০০০ | ৫৬০০০০ | ৪৯০০০০ | ৪২০০০০ | ৭১৫০০০ | ৭২৫০০০ |
| | | ২.২ গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশু | সংখ্যা | ৫.০০ | ১৭৬৪৩ | ২৫৪৬১ | ২৭০০০ | ২৪৩০০ | ২১৬০০ | ১৮৯০০ | ১৬২০০ | ২৮০০০ | ২৯০০০ |
| | | ২.৩ হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস-মুরগী | সংখ্যা | ৫.০০ | ১২২৬০৫ | ১৯৪৯০২ | ১৮০০০০ | ১৬২০০০ | ১৪৪০০০ | ১২৬০০০ | ১০৮০০০ | ১৮১০০০ | ১৮২০০০ |
| | | ২.৪ গবাদিপশু-পাখীর রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরিত নমুনা | সংখ্যা | ৫.০০ | ৬৮ | ৬০ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪৮ | ৮৫ | ৯০ |
| | | ২.৫ গবাদিপশু-পাখীর ডিজিজ সার্ভিলেন্স | সার্ভিলেন্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ৯ | ১২ | ১৪ | ১৩ | ১১ | ১০ | ৮ | ১৬ | ১৮ |
| ৩. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১৭.০০ | ৩.১ খামারী প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত খামারী | সংখ্যা | ৪.০০ | ৮১ | ৬০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২১০ | ২২০ |
| | | ৩.২ কসাইদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত কসাই | সংখ্যা (জন) | ২.০০ | - | ২২ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৩১ | ৩২ |
| | | ৩.৩ গবাদিপশু-পাখী পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | সংখ্যা | ৩.০০ | ৩৯ | ৪০ | ৭৫ | ৬৮ | ৬০ | ৫৩ | ৪৫ | ৮০ | ৮৫ |
| | | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | সংখ্যা | ৩.০০ | ৩৬৯ | ৪০০ | ৭৫০ | ৬৮০ | ৬০০ | ৫৩০ | ৪৫০ | ৮০০ | ৮৫০ |
| | | ৩.৪ ঘাস চাষ সম্প্রসারণ | ঘাস চাষকৃত জমি | শতক | ৫.০০ | ৮৭ | ৮৪ | ২৫০ | ২২৫ | ২০০ | ১৭৫ | ১৫০ | ২৬০ | ২৭০ |
| ৪. নিরাপদ প্রাণিজাত পণ্য উৎপাদন, আমদানি ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | ১০.০০ | ৪.১ পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ফিডমিল/হ্যাচারি | সংখ্যা | ৩.০০ | ৮৫ | ৭০ | ১১০ | ৯৯ | ৮৮ | ৭৭ | ৬৬ | ১১৫ | ১২০ |
| | | ৪.২ খামার রেজিস্ট্রেশন এবং নবায়ন | গবাদিপশু খামার | সংখ্যা | ২.০০ | ১ | ০ | ২ | ১.৮ | ১.৬ | ১.৪ | ১.২ | ৩ | ৪ |
| | | | হাস-মুরগী খামার | সংখ্যা | ২.০০ | ১ | ১ | ১ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ২ | ৩ |
| | | ৪.৩ মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | সংখ্যা | ৩.০০ | - | ১ | ১ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ২ | ৩ |

# মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট নম্বর-২০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক (২০১৯-২০২০) (Target/Criteria/Value) (FY: 2019-2020) অসাধারণ (১০০%) (Excellent) | অতি উত্তম (৯০%) (Very Good) | উত্তম (৮০%) (Good) | চলতি মান (৭০%) (Fair) | চলতি মানের নিম্নে (৬০%) (Poor) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জেলা প্রাণিসম্পদ দপ্তর, পিরোজপুর এর কৌশলগত উদ্দেশ্যসমূহ (নির্ধারিত মোট মান: ২০) | | | | | | | | | | |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩.০০ | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০১ | ২৪ জুলাই, ২০১৯ | ২৯ জুলাই, ২০১৯ | ৩০ জুলাই, ২০১৯ | ৩১ জুলাই, ২০১৯ | ১ আগস্ট, ২০১৯ |
| | | ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যারন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০১ | ১৩ জানুয়ারী, ২০২০ | ১৬ জানুয়ারী, ২০২০ | ১৭ জানুয়ারী, ২০২০ | ২০ জানুয়ারী, ২০২০ | ২১ জানুয়ারী, ২০২০ |
| | | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ০১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯.০০ | ই- ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ০১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ০১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত | % | ০১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবাযন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ০১ | ৩১ ডিসেম্বর ২০১৯ | ০৭ জানুয়ারী ২০২০ | ১৪ জানুয়ারী ২০২০ | ২১ জানুয়ারী ২০২০ | ২৮ জানুয়ারী ২০২০ |
| | | সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস্ চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ০১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০১ | ৩১ ডিসেম্বর ২০১৯ | ১৫ জানুয়ারী ২০২০ | ০৭ ফেব্রুয়ারী ২০২০ | ১৭ ফেব্রুয়ারী ২০২০ | ২৮ ফেব্রুয়ারী ২০২০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ০১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ০১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫.০০ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডশীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০১ | ০৩ ফেব্রুয়ারী ২০২০ | ১৭ ফেব্রুয়ারী ২০২০ | ২৮ ফেব্রুয়ারী ২০২০ | ২৮ মার্চ ২০২০ | ১৫ এপ্রিল ২০২০ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০১ | ০৩ ফেব্রুয়ারী ২০২০ | ১৭ ফেব্রুয়ারী ২০২০ | ২৮ ফেব্রুয়ারী ২০২০ | ২৮ মার্চ ২০২০ | ১৫ এপ্রিল ২০২০ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ০২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩.০০ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ০১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাণিসম্পদ দপ্তর
পিরোজপুর।
dls.pirojpur.gov.bd


## Annual Performance Agreement

আমি , উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, পিরোজপুর সদর, পিরোজপুর, মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর প্রতিনিধি হিসাবে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পিরোজপুর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পিরোজপুর, মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর প্রতিনিধি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, পিরোজপুর সদর, পিরোজপুর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ........................................ | ১৭/৬/১৯ |
| জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>জেলা প্রাণিসম্পদ দপ্তর<br>পিরোজপুর। | (তারিখ) |
| ........................................ | ২৭/০৫/১৯ |
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর<br>পিরোজপুর সদর, পিরোজপুর। | (তারিখ) |

# সংযোজনী - ১

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১. | কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননকৃত গাভীর সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। কৃত্রিম প্রজনন উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে অভিজ্ঞ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | কৃত্রিম প্রজনন উপকেন্দ্র এবং পয়েন্ট | কৃত্রিম প্রজনন সম্প্রসারণ রেজিষ্ট্রারে সংরক্ষিত ডাটা, প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন। | টেকসই উৎপাদনশীলতা এবং কৃষকদের মানসম্মত সেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রমকে আইনগত কাঠামোর আওতায় আনতে হবে। |
| ০২. | সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত সংকর জাতের বাছুর | কৃত্রিম প্রজনন উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.আই. কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে, যা দুধ ও মাংস উৎপাদনে ব্যপক ভূমিকা রাখছে। | কৃত্রিম প্রজনন উপকেন্দ্র এবং পয়েন্ট | সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন রেজিষ্ট্রারে সংরক্ষিত ডাটা, প্রতিবেদন পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শন। | - |
| ০৩. | খামারী সচেতনতা বৃদ্ধিকরণ | সচেতন খামারী | মাঠপর্যায়ের খামারীদের গবাদিপশু-পাখী পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে খামারী সচেতনতা কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, এন.জি.ও. এবং বেসরকারী উদ্যোক্তা | খামারী সচেতনতা বৃদ্ধিকরণ রেজিষ্ট্রারে সংরক্ষিত ডাটা ও প্রতিবেদন পর্যালোচনা। | প্রশিক্ষণ বাজেট বরাদ্দ যথাযথ সময়ে ছাড়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ০৪. | খামার স্থাপনে উঠান বৈঠক (গবাদিপশু) | উঠান বৈঠক | মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ এলাকার গণ্যমান্য ব্যক্তিদের বাড়ীর আঙ্গিনায় ক্ষুদ্র এবং মাঝারি গবাদিপশুর খামার প্রতিষ্ঠায় সাধারণ উদ্যোক্তাদেরকে উঠান বৈঠকের মাধ্যমে উদ্বুদ্ধ করে থাকেন। এসকল উঠান বৈঠকে এলাকার জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার প্রচেষ্টা নেয়া হয়ে থাকে। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এবংএন.জি.ও. | খামার স্থাপনে উঠান বৈঠক (গবাদিপশু) রেজিষ্ট্রারে সংরক্ষিত ডাটা, মোবাইল ফোনে রক্ষিত স্থির চিত্র এবং প্রতিবেদন পর্যালোচনা। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ইউএলও) ব্যানারসহ প্রয়োজনীয় সামগ্রীর সরবরাহ নিশ্চিত করবেন। |
| ০৫. | খামার স্থাপনে উঠান বৈঠক (পোল্ট্রি) | উঠান বৈঠক | মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ এলাকার গণ্যমান্য ব্যক্তিদের বাড়ীর আঙ্গিনায় ক্ষুদ্র এবং মাঝারি পোল্ট্রি খামার প্রতিষ্ঠায় সাধারণ উদ্যোক্তাদেরকে উঠান বৈঠকের মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকেন। এছাড়াও পোল্ট্রি খামারীদের নিরাপদ মাংস উৎপাদনে সচেতন করা হয়ে থাকে। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এবংএন.জি.ও. | খামার স্থাপনে উঠান বৈঠক (গবাদিপশু) রেজিষ্ট্রারে সংরক্ষিত ডাটা, মোবাইল ফোনে রক্ষিত স্থির চিত্র এবং প্রতিবেদন পর্যালোচনা। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ইউএলও) ব্যানারসহ প্রয়োজনীয় সামগ্রীর সরবরাহ নিশ্চিত করবেন। |
| ০৬. | ঘাস চাষ বৃদ্ধির জন্য নার্সারী স্থাপন | স্থাপিত নার্সারী | ফডার একপ্রকার সবুজ ঘাস যা গবাদিপশুকে প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে থাকে। স্থায়ী ঘাস (একবার রোপন করলে কয়েক বছর ফলন পাওয়া যায়) তথা নেপিয়ার, পারা, জার্মান কৃষকদের মধ্যে আদৃত কয়েকটি উন্নত জাতের ঘাস। এছাড়াও রবি মৌসুমে গোখাদ্য হিসেবে মৌসুমী ঘাস তথা খেসারি, মাসকলাই, কাউপি, ধইঞ্চা, ভুট্টা ইত্যাদি সনাতনকাল থেকে চাষ হয়ে আসছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কর্তৃক নিজস্ব ক্যাম্পাস এবং কৃষক পর্যায়ে উন্নত জাতের স্থায়ী ঘাসের প্রদর্শনী নার্সারি প্লট স্থাপন করা হয়ে থাকে। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, এন.জি.ও. এবং বেসরকারী উদ্যোক্তা | ঘাস চাষ বৃদ্ধির জন্য নার্সারি স্থাপন রেজিষ্ট্রারে সংরক্ষিত ডাটা, মোবাইল ফোনে রক্ষিত প্রদর্শনী প্লটের স্থির চিত্র, প্রতিবেদন পর্যালোচনা এবং সরেজমিন পরিদর্শন। | প্রাণিপুষ্টি উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পভূক্ত উপজেলা সমূহের ক্ষেত্রে প্রকল্প থেকে নার্সারি স্থাপনে প্রয়োজনীয় আর্থিক সহযোগীতা পাওয়া যাবে। প্রকল্প বহির্ভূত উপজেলায় নার্সারি স্থাপনে স্থানীয় সরকার তহবিল থেকে সহায়তা নেয়া যেতে পারে। |
| ০৭. | বায়োগ্যাস প্লান্ট স্থাপন | স্থাপিত বায়োগ্যাস প্লান্ট | বায়োগ্যাস প্লান্ট একটি আধুনিক প্রযুক্তি যার মাধ্যমে গবাদিপশু-পাখীর বর্জ্য (গোবর ও পোল্ট্রি লিটার) থেকে জ্বালানী শক্তি | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, এল.জি.ই.ডি. | বায়োগ্যাস প্লান্ট স্থাপন রেজিষ্ট্রারে সংরক্ষিত ডাটা, মোবাইল ফোনে | বেসরকারী সংস্থাগুলো প্লান্ট স্থাপনকারী ডেইরী/পোল্ট্রি |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | উৎপাদিত হয় এবং পরিবেশ দূষণ থেকে রক্ষা পাওয়া যায়। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর খামারী পর্যায়ে বায়োগ্যাস প্লান্ট স্থাপনে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | এবং এন.জি.ও. | রক্ষিত প্লান্টের স্থির চিত্র, প্রতিবেদন পর্যালোচনা এবং সরেজমিন পরিদর্শন । | খামারীদের ভর্তুকি প্রদান করে থাকে। |
| ০৮. | টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখীর সংখ্যা | গবাদিপশু-পাখীর মারাত্মক সংক্রামক রোগসমূহের বিরুদ্ধে রোগ প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে মাঠকর্মীদের দ্বারা বাণিজ্যিক খামার সমূহে খামার পর্যায়ে, কৃষক পর্যায়ে ভ্যাকসিনেসন ক্যাম্প আকারে ও উপদ্রুত এলাকার পরিধিতে রিং ভ্যাকসিনেশন পদ্ধতি অবলম্বন করা হয়ে থাকে। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, এন.জি.ও. এবং বেসরকারী উদ্যোক্তা | টিকাপ্রদান সম্প্রসারণ রেজিষ্ট্রারে সংরক্ষিত ডাটা, প্রতিবেদন পর্যালোচনা এবং সরেজমিন পরিদর্শন । | চাহিদা মোতাবেক ভ্যাকসিন সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। |
| ০৯. | গবাদিপশু-পাখীর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশু-পাখীর সংখ্যা | উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে ভেটেরিনারী সার্জন কর্তৃক অসুস্থ্য/রোগাক্রান্ত গবাদিপশু-পাখীর চিকিৎসা প্রদান করা হয়ে থাকে। জরুরী ক্ষেত্রে কৃষকের বাড়ীতে/বাণিজ্যিক খামারে চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। এছাড়াও মাঠপর্যায়ে মাঠকর্মীগণ প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করে থাকেন। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | গবাদিপশু-পাখীর চিকিৎসা রেজিষ্ট্রারে সংরক্ষিত ডাটা, প্রতিবেদন পর্যালোচনা এবং সরেজমিন পরিদর্শন | মোবাইল ভেটেরিনারী টিমের জন্য উপজেলা পর্যায়ে গাড়ী সরবরাহ এবং রোগ নির্ণয়ের জন্য জনবলসহ মিনি প্যাথলজি ল্যাব স্থাপন প্রয়োজন |
| ১০. | গবাদিপশু-পাখীর রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরিত নমুনার সংখ্যা | রোগের ইতিহাস, লক্ষণ ও শরীরিক পরীক্ষা ইত্যাদির মাধ্যমে যে সকল ক্ষেত্রে রোগ নির্ণয় সম্ভবপর হয়না অথবা রোগ প্রাদুর্ভাবের ক্ষেত্রে মাঠপর্যায় থেকে ভেটেরিনারী সার্জনের মাধ্যমে প্রযোজ্য নমুনা সংগহ করে আঞ্চলিক রোগাণুসন্ধান গবেষণাগারে রোগ নির্ণয়ের জন্য নমুনা প্রেরণ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | নমুনা প্রেরণ রেজিষ্ট্রারে সংরক্ষিত ডাটা এবং প্রতিবেদন পর্যালোচনা | নমুনা প্রেরণের জন্য প্রয়োজনীয় কেমিক্যাল ও সাজ-সরঞ্জামের সরবরাহ নিশ্চিত করতে হবে |
| ১১. | গবাদিপশু-পাখীর ডিজিজ সার্ভিলেন্স | সার্ভিলেন্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কর্তৃক প্রাদুর্ভাবের আওতাধীন এলাকায় সংক্রমণ সমূহের উপর নজরদারি করা হয় এবং সে অনুযায়ী রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | প্রতিবেদন পর্যালোচনা এবং সরেজমিন পরিদর্শন | রোগ সংক্রমণের ক্ষেত্রে তফসিল:১ এ বর্ণিত সময়সীমার মধ্যে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। |
| ১২. | পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/হ্যাচারি | পারিবারিক ও বাণিজ্যিক খামার, ফিডমিল, প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান, খাদ্য বিক্রেতা, হ্যাচারিসমূহ এবং কসাইখানার রেজিষ্ট্রেশন, লাইসেন্স প্রদান, লাইসেন্স নবায়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করা হয়। এছাড়াও প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের বায়োসিকিউরিটি ও সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণীজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয় | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | প্রতিবেদন পর্যালোচনা এবং সরেজমিন পরিদর্শন | নন-ট্যাক্স রেভিনিউ আদায় জোরদার করতে হবে। |
| ১৩. | নতুন খামার রেজিষ্ট্রেশন (পোল্ট্রি) | রেজিষ্ট্রিকৃত খামার | মাঠপর্যায়ে পোল্ট্রি খামারীদের চাহিদা নিরূপন ও সরবরাহ চেইন নির্বিঘ্ন করার লক্ষ্যে এবং খামারের বায়োসিকিউরিটি নিশ্চিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কর্তৃক নিবন্ধন প্রদানের অংশ হিসেবে সুপারিশ প্রদান করা হয়। নিবন্ধন প্রদানের মাধ্যমে পোল্ট্রি খামার স্থাপনের আবশ্যিক স্ট্যান্ডার্ড বজায় রাখাসহ জনস্বাস্থ্যের হুমকি বহুলাংশে হ্রাস করা যায়। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এবং জেলা প্রাণিসম্পদ দপ্তর | খামার নিবন্ধন রেজিষ্ট্রার (পোল্ট্রি) এ সংরক্ষিত ডাটা, প্রতিবেদন পর্যালোচনা এবং খামার পরিদর্শন | নন-ট্যাক্স রেভিনিউ আদায় জোরদার করতে হবে। |
| ১৪. | নতুন খামার রেজিষ্ট্রেশন (গবাদিপশু) | রেজিষ্ট্রিকৃত খামার | মাঠপর্যায়ে গবাদিপশুর খামারীদের চাহিদা নিরূপন ও সরবরাহ চেইন নির্বিঘ্ন করার লক্ষ্যে এবং খামারের বায়োসিকিউরিটি নিশ্চিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কর্তৃক নিবন্ধন প্রদানের অংশ হিসেবে সুপারিশ প্রদান করা হয়। নিবন্ধন প্রদানের মাধ্যমে গবাদিপশুর খামার স্থাপনের আবশ্যিক স্ট্যান্ডার্ড বজায় রাখাসহ জনস্বাস্থ্যের হুমকি বহুলাংশে হ্রাস করা যায়। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এবং জেলা প্রাণিসম্পদ দপ্তর | খামার নিবন্ধন রেজিষ্ট্রার (গবাদিপশু) এ সংরক্ষিত ডাটা, প্রতিবেদন পর্যালোচনা এবং খামার পরিদর্শন | নন-ট্যাক্স রেভিনিউ আদায় জোরদার করতে হবে। |

# সংযোজনী - ২

শব্দসংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| AD (AP) | : Assistant Director (Animal Production) |
| AI | : Artificial Insemination |
| APA | : Annual Performance Agreement |
| FA (AI) | : Field Assistant (Artificial Insemination) |
| FY | : Fiscal Year |
| NGO | : Non Government Organization |
| PI | : Performance Indicator |
| SDG | : Sustainable Development Goal |
| ULO | : Upazila Livestock Officer |
| VFA | : Veterinary Field Assistant |
| VS | : Veterinary Surgeon |